



ইমাম প্রশিক্ষণ একাডেমি

ইসলামিক ফাউন্ডেশন
আগারলীও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭



স্মারক নং-১৬.০১.০০০০.০০৪.১২.১২৩.১০. ২৪-৫

তারিখ- ১৬/১২/২০২০ খ্রিঃ

ইমাম প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

ইমাম প্রশিক্ষণ একাডেমি ইসলামিক ফাউন্ডেশন-এর উদ্যোগে ২০২০-২০২১ অর্থ বছরের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনব্যাপী ফাউন্ডেশন (নিয়মিত) ইমাম প্রশিক্ষণ তৃতীয় কোর্স শুরু হবে। নিম্নোক্ত বিবরণ অনুযায়ী প্রকৃত ইমাম, সহকারী ইমাম ও মুয়াজ্জিনদের কাছ থেকে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। প্রার্থীকে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে। ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

ইসলামিক ফাউন্ডেশন জেলা কার্যালয়ে প্রার্থীর স্ব-হস্তে লিখিত দরখাস্ত জমা দেয়ার সর্বশেষ তারিখঃ	৩১/১২/২০২০ খ্রিঃ
বিভাগীয়/জেলা কার্যালয়ে প্রাথমিক বাছাইয়ের তারিখঃ	০৩/০১/২০২১ খ্রিঃ

প্রশিক্ষণ গ্রহণকালীন সুযোগ-সুবিধাঃ

বিস্তারিত তথ্য ইসলামিক ফাউন্ডেশন বিভাগীয়/জেলা কার্যালয়ের নোটিশ বোর্ড থেকে জানা যাবে। এছাড়া, প্রাথমিক বাছাইয়ের পর ইমাম প্রশিক্ষণ কেন্দ্র থেকে সরবরাহকৃত ফরমে বিস্তারিতভাবে উল্লেখ থাকবে।

ভর্তির যোগ্যতা ও প্রয়োজনীয় কাগজপত্রঃ

(ক) বয়সসীমা ২০-৫০ বছর এবং সুস্থ ও সবল দেহের অধিকারী হতে হবে এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(খ) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম দাখিল বা সমমান মাদ্রাসা পরীক্ষায় পাশ (হাফেজ ও ক্বারীদের ক্ষেত্রে বাংলা ভাষায় ভাল জ্ঞান থাকলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)।

(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। তবে চূড়ান্ত বাছাইয়ের সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, সনদ না পেয়ে থাকলে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ইমামতির স্বপক্ষে প্রদত্ত প্রমাণপত্র জমা দিতে হবে।

(ঙ) বিভাগীয়/জেলা কার্যালয় কর্তৃক ইমামতিতে নিয়োজিত আছেন তা নিশ্চিত হয়ে প্রাথমিকভাবে মনোনীত হওয়ার পর চূড়ান্ত বাছাই হওয়া সাপেক্ষে বিভাগীয়/জেলা কার্যালয় থেকে সরবরাহকৃত নির্ধারিত ফরমে মসজিদ কমিটির সভাপতি/সেক্রেটারীর নিকট থেকে ৪৫ দিনের ছুটির অনুমোদনপত্র দাখিল করতে হবে এবং প্রশিক্ষণ চলাকালে অবশ্যই হোস্টেলে অবস্থান করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ইমামদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে।

(চ) এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরখাস্তের সাথে জমা দিতে হবে এবং দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও এক কপি স্ট্যাম্প সাইজ ছবি সংশ্লিষ্ট ইমাম প্রশিক্ষণ কেন্দ্রে চূড়ান্ত ভর্তির সময় দিতে হবে।

(ছ) ইমাম প্রশিক্ষণ একাডেমির কোন কেন্দ্রে সরাসরি আবেদনপত্র জমা দেয়া যাবে না। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিলযোগ্য।

(জ) মৌসুম উপযোগী প্রয়োজনীয় পোষাক ও মশারীসহ বিছানাপত্র সাথে নিয়ে আসতে হবে।

(ঝ) বিনামূল্যে ভর্তির ফরম সরবরাহ করা হয় এবং ভর্তি হওয়ার জন্য কোন ফি বা বিনিময় দিতে হয় না। তবে ইমামদের কল্যাণে গঠিত ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টে মাসিক ১০/- টাকা ফি (কমপক্ষে ৬ মাস) দিয়ে ট্রাস্টের সদস্য হতে হবে।

(ঞ) একাডেমীর সংশ্লিষ্ট কেন্দ্রে বা ইফা. বিভাগীয়/জেলা কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

(মোঃ আনিসুজ্জামান সিকদার)
০২.১২.২০
২০
পরিচালক

ইমাম প্রশিক্ষণ একাডেমি